অসম বিধান সভা
তৰাবিহীন প্ৰশ্ন নং: ২৬৪
উত্তৰ দিয়া তাৰিখ: ১৩/০৭/২০২৬

বিষয় : পশু চিকিৎসালয় সম্পর্কিত

ডঃ মিলন দাস **:** বিধায়ক

মাননীয় পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া জানাবনে কি **:**

(ক) কালিনগর অন্তর্গত পলারপার অঞ্চলে অবস্থিত পশু চিকিৎসালয়টি ২০০০ সাল থেকে ২০০৫ সালের মধ্যে ভয়াবহ নদীভাঙনের ফলে সমগ্র হাসপাতালটি নদীতে তলিয়ে যায়। এর ফলে এলাকার পশুপালকরা প্রয়োজনীয় পশু চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন। উক্ত পশু চিকিৎসালয়টির পুনর্নির্মাণ ও পুনরায় পশু চিকিৎসার উপযোগী করে তোলার জন্য সরকারের কোনো পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা রয়েছে কি ? সদনে জানাবেন।

(খ) যদি থাকে**,** তবে সেই পদক্ষেপের বিস্তারিত বিবরণ এবং কাজ শুরুর সম্ভাব্য সময়সীমা কি ? সদনে জানাবেন।

: উত্তৰ :

মাননীয় পশু পালন ও পশু চিকিৎসা বিভাগৰ মন্ত্রী মহোদয়া শ্রীমতী নীলিমা দেৱীয়ে উত্তৰ দিব **:**

(ক) এবং (খ) বরাক নদীর ভয়াবহ ভাঙনের ফলে পলারপার পশু চিকিৎসা কেন্দ্রের সম্পূর্ণ জমি এবং সকল অবকাঠামো নদীগর্ভে বিলীন হয়ে গেছে। সেই কারণে বর্তমানে পোলারপাড় পশু চিকিৎসা কেন্দ্রের কর্মচারীদের নিকটবর্তী রাজ্য পশু চিকিৎসালয়, চিপরছাংগনে সংযুক্ত করা হয়েছে। সেখান থেকেই তাঁরা পলারপার ও কালীনগর এলাকার পশুপালকদের নিয়মিত পশু চিকিৎসা পরিষেবা প্রদান করে আসছেন।।

উক্ত পশু চিকিৎসালয়টি পুনর্নির্মাণের জন্য প্রয়োজন অনুযায়ী বিহিত ব্যৱস্থা করা হ'বে।

উত্তৰ ইতিমধ্যে অনলাইন যোগে প্রেরন করা হৈয়েছে

****